গাজীপুরে শ্রমিক বিক্ষোভ, মহাসড়কে আগুন-সংঘর্ষে আহত ২০



ছবি: সংগৃহীত

ন্যূনতম মজুরি ৩০ হাজার টাকা করার দাবিতে গাজীপুরের বিভিন্ন এলাকায় মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ করেছেন পোশাকশ্রমিকেরা। এ সময় পুলিশের সঙ্গে তাঁদের দফায় দফায় ধাওয়া-পাল্টাধাওয়ার ঘটনা ঘটে। পরিস্থিতি নিয়ন্ত্রণে পুলিশ ও বিজিবি টিয়ারশেল ও সাউন্ড গ্রেনেড নিক্ষেপ করে। একপর্যায়ে পুলিশের ব্যারিকেডে আগুন দেওয়া হয়। এসব ঘটনায় সাংবাদিকসহ অন্তত ২০ জন আহত হয়েছেন।

ছমঙ্গলবার সকাল ৯টার দিকে জয়দেবপুর ও চান্দনা চৌরাস্তা এলাকার কয়েকটি কারখানার শ্রমিকেরা কাজে যোগ না দিয়ে বিক্ষোভ শুরু করেন। পরে তাঁরা ঢাকা-ময়মনসিংহ মহাসড়ক, জয়দেবপুর সড়ক ও ভোগড়া বাইপাস অবরোধ করেন। এতে দীর্ঘ যানজটের সৃষ্টি হয়।

পুলিশ ও বিজিবি সদস্যরা ভোগড়া ও সাইনবোর্ড এলাকায় শ্রমিকদের সড়ক থেকে সরানোর চেষ্টা করলেও তাঁরা অবস্থান ছাড়েননি। পরে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী টিয়ারশেল ও সাউন্ড গ্রেনেড ছুড়লে সংঘর্ষ ও ধাওয়া-পাল্টাধাওয়া শুরু হয়। এ সময় পুলিশের ব্যারিকেডে আগুন দেওয়ার ঘটনাও ঘটে।

একই দাবিতে ঢাকা-টাঙ্গাইল মহাসড়কের নাওজোড় এলাকায়ও অবরোধের চেষ্টা করেন শ্রমিকেরা। সেখান থেকে তাঁদের সরিয়ে দেওয়া হলেও বিভিন্ন আঞ্চলিক সড়কে বিক্ষোভ অব্যাহত থাকে।

গাজীপুর শিল্পাঞ্চল-২-এর পুলিশ সুপার মো. আমজাদ হোসাইন বলেন, শ্রমিকদের বুঝিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার চেষ্টা চলছে। নিরাপত্তা নিশ্চিত করতে অতিরিক্ত পুলিশ ও বিজিবি মোতায়েন করা হয়েছে।